



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৬৫(ক-৩)/২০০৯/ ২৪৩৫/৪

তারিখ: ০৪/০৮/২০২২খ্রি.

বিষয়: তদন্ত প্রতিবেদনের বিষয়ে কার্যক্রম গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সদ্য সরকারিকৃত কিশোরীগঞ্জ সরকারি কলেজ-এর অধ্যক্ষের বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে বেতন বন্ধ এবং বিভিন্ন রকম হয়রানিমূলক পদক্ষেপ গ্রহণ, কুরুচিপূর্ণ কথাবার্তা, অন্যায়াভাবে ছাত্রদের নিকট থেকে অর্থ আদায়, কিছু শিক্ষককে সুবিধা দেওয়া এবং টেন্ডার ছাড়া জিনিসপত্র ক্রয় ইত্যাদি বিষয়ে অভিযোগ করেছেন একই কলেজের গার্হস্থ্য অর্থনীতি বিভাগের প্রভাষক জনাব মাহবুবা জাহান। এ বিষয়ে সরেজমিনে তদন্ত করার জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কর্মকর্তাদ্বয় তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার মতামত হলো-

“কিশোরীগঞ্জ সদ্য সরকারিকৃত কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী এর অধ্যক্ষ জনাব মাহবুবা জাহান, প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি) কে উদ্দেশ্য করে যে সমস্ত শোকজ করেছেন তা ডিজি বরাবর প্রেরণ করেছেন কিনা তা জানা নাই। অধ্যক্ষ কিশোরীগঞ্জ সদ্য সরকারিকৃত কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী এর জনাব মাহবুবা জাহান, প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি) এর বেতন ভাতা বন্ধের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর বরাবর অনুমতি প্রাপ্তির জন্য আবেদন করা দরকার ছিল। কিন্তু অধ্যক্ষ তা না করে শুধু মাত্র উপজেলা নির্বাহী অফিসার এবং তাঁর যৌথ স্বাক্ষরে রেজুলেশন করে বেতন ভাতা বন্ধ করেছেন। কলেজটি যেহেতু সদ্য সরকারিকৃত কাজেই শিক্ষক/কর্মচারীদের বেতন বন্ধ বা অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার দরকার ছিল। কিন্তু অত্র কলেজের অধ্যক্ষ তা না করে বেতন বন্ধ করেছেন যা বিধি সম্মত হয়নি।

জনাব মাহবুবা জাহান, প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি), সদ্য সরকারিকৃত কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী নিয়মিতভাবে কলেজে উপস্থিত থাকেন না বিধায় ছাত্রীদের ক্লাসের বেশ ক্ষতি সাধন হয়। বিষয়টি গ্রহণযোগ্য নয়।

জনাব মাহবুবা জাহান, প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি), সদ্য সরকারিকৃত কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী এর কলেজে নিয়মিত উপস্থিত হওয়ার শর্তে এবং মানবিক কারণে তাঁর বেতন ভাতা ছাড় করা যেতে পারে।”

এমতাবস্থায়, তদন্ত কমিটির মতামতের বিষয়ে অধ্যক্ষকে ০৫ কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

কিশোরীগঞ্জ সরকারি কলেজ, নীলফামারী।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, রংপুর অঞ্চল, রংপুর;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী;
- ৩। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী (পত্রটি অধ্যক্ষের নিকট পৌঁছানোর অনুরোধসহ);
- ৪। সংরক্ষণ নথি।